



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র/২০১১/২১০৭

তারিখঃ ২২/০৯/২০১৫ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৫৪ তম কমিশন সভা অদ্য ২২/০৯/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন আজকের সভায় Information Technology Consultants Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ১.২০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দিয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১২.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ব্যবসা সম্প্রসারণ, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ জুন, ২০১৪ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ১.০৪ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৮.২৮ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Betaone Investments Limited।
২. সভায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০০০ (Market Maker Rules, 2000) এর পরিবর্তন/সংশোধন লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছেঃ

- ক) জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক, আহ্বায়ক;
- খ) জনাব মোঃ আবুল কালাম, পরিচালক, সদস্য; এবং
- গ) জনাব মোঃ মনসুর রহমান, পরিচালক, সদস্য।

উক্ত কমিটি আদেশ জারির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে কমিশনে প্রতিবেদন দাখিল করবে।

৩. Appollo Ispat Complex Ltd. (Issuer) কর্তৃক প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে উত্তোলিত তহবিল থেকে পূর্বঘোষিত utilization of fund এর অতিরিক্ত ৫৮.১২ কোটি টাকা ব্যাংক ঋণ পরিশোধে ব্যবহার করেছে। যা উক্ত ইস্যুয়ার কোম্পানীর দাখিলকৃত রিপোর্ট পরীক্ষার সময় উদ্ঘাটিত হয়েছে। ইস্যুয়ার কোম্পানীর উল্লেখিত কার্যকলাপ IPO অনুমোদনের সময় The Securities and Exchange Ordinance, 1969 এর Section 2cc এর আওতায় প্রদত্ত Consent Letter এর Part-B এর Condition এর লংঘন। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন Appollo Ispat Complex Ltd. এর প্রত্যেক পরিচালককে ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করেছে।
৪. Dacca Dyeing and Manufacturing Co. Ltd. (Issuer) তাদের ৩০ জুন ২০১৩ সমাপ্ত বৎসরের আর্থিক হিসাব বিবরণী BAS/IAS-16 অনুযায়ী পুনঃমূল্যায়িত সম্পদের (revaluation asset) বিপরীতে অবচয় (depreciation) ধার্য না করে Statement of Comprehensive Income প্রস্তুত করেছে- যা Issuer কোম্পানীটির নীরক্ষকের রিপোর্টে qualified opinion হিসাবে উল্লেখ ছিল। বিষয়টি কমিশন কর্তৃক পরীক্ষাপূর্বক দেখা যায় যে, অবচয় ধার্য না করে Statement of Comprehensive Income প্রস্তুতের ফলে ইস্যুয়ার কোম্পানীর ৩০ জুন ২০১৩ সমাপ্ত বৎসরের অবচয় খরচ ২.৮৫ কোটি টাকা কম দেখানো হয়েছে। ফলশ্রুতিতে বর্ণিত বৎসরে ইস্যুয়ার কোম্পানীর মুনাফা ও শেয়ার প্রতি আয় (EPS) অতিমূল্যায়িত হওয়ায় বিনিয়োগকারীরা বিভ্রান্ত হয়। Dacca Dyeing and Manufacturing Co. Ltd. এর উল্লেখিত কার্যকলাপ Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2) এবং Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এর লংঘন। বর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য Dacca Dyeing and Manufacturing Co. Ltd. এর প্রত্যেক পরিচালক -কে ২ (দুই) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করা হয়।



## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৫. Globe Securities Limited (DSE TREC No. 189) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নোবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :


- ক) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এর তহবিলের ঘাটতি থাকার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১১ এবং Securities and Exchange Rules, 1987 এর Section 8(A) লংঘন;
- খ) নন মার্জিনেবল শেয়ারে (P/E Ratio is over 40) মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2001-43/42 তাং 15/06/2010 লংঘন;
- গ) অতিরিক্ত মার্জিন ঋণ সুবিধা প্রদান (beyond the approved limit) করে কমিশনের আদেশ নং- SEC/CMRRCD/2009-193/92 তাং 10/01/2011 এবং SEC/CMRRCD/2001-43/79 তাং 19/12/2010 লংঘন; এবং
- ঘ) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ লেনদেনের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8(c) (i) লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Globe Securities Limited -কে ১০(দশ) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. Alpha Securities Limited (CSE TREC. No. 001) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত রিপোর্টে নিম্নোবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

- ক) কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 ভঙ্গ করে Z ক্যাটাগরির শেয়ারে বিনিয়োগকারীকে ঋণ প্রদান; এবং
- খ) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এর তহবিল থেকে স্টাফদের বেতন পরিশোধের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Section 8(A)(1) লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইন সমূহ ভঙ্গ করায় কমিশন আজকের সভায় Alpha Securities Limited -কে ৩ (তিন) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

  
22/02/2015

মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক